# নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের ক্ষেত্রে অগ্রগতি

আমরা একটি প্রদেশের স্বপ্ন দেখি যেখানে সাফল্য লাভের প্রতিটি সুযোগের জন্য সব নারী ও মেয়ের ক্ষমতায়ন করা হয়েছে। অন্টারিও সমতার দিকে গুরুত্বপূর্ণ অগ্রগতি অর্জন করেছে, তবে অনেক নারী এখনো প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছে। নারী ও মেয়েরা যে পথই বেছে নিক না কেন, তারা যেন সে পথে সুযোগ খুঁজে পায় তা নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলোতে সরকার ব্যবস্থা নিয়েছে। উদাহরণস্বরূপ আমরা:

- ✓ জেন্ডার সমতা ও প্রদেশজুড়ে জেন্ডার-ভিত্তিক সহিংসতা মোকাবেলা করার জন্য অন্টারিওতে প্রথমবারের মত স্বতন্ত্র Ministry of the Status of Women (নারীর মর্যাদা সংক্রান্ত মন্ত্রণালয়) তৈরি করেছি।
- ✓ আমাদের Women in Skilled Trades and Information Technology Training (নারীদের জন্য দক্ষ কারিগরি ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ) কর্মসূচির মাধ্যমে 2,600 এরও বেশি নিম্ন-আয়ের নারীকে নতুন দক্ষতা শিখতে, ক্যারিয়ার পরিবর্তন করতে, ও আরো ভালো বেতনের চাকরি পেতে সাহায্য করেছি।
- ✓ 1,700 এরও বেশি নিম্ন-আয়ের নারীকে আমাদের ক্ষুদ্র ঋণ কর্মসূচির মাধ্যমে তাদের নিজস্ব ব্যবসা শুরু করা ও সম্প্রসারণের জন্য উদ্যোক্তা ও আর্থিক সাক্ষরতা প্রশিক্ষণ গ্রহণে সাহায্য করেছি।
- ✓ মেয়েদেরকে ঝালাই, কাঠের কাজ, মেশিনের কাজ ও গাড়ি সার্ভিসিং-এর মত অপ্রচলিত দক্ষ কারগরি পেশায় প্রবেশে সাহায্যের জন্য শিক্ষামূলক কর্মকাণ্ডে সমর্থন প্রদান করেছি।
- ✓ সামাজিক সহায়তা বেনিফিটের হিসাব থেকে চাইল্ড সাপোর্ট পেমেন্টকে সম্পূর্ণভাবে অব্যাহতি দেয়ার মাধ্যমে প্রায় 19,000 পরিবারের মাসিক আয় বাড়িয়েছি, যাদের বেশিরভাগই একক পিতা/মাতার পরিবার।
- ✓ 2019 সালের মধ্যে প্রতিটি প্রাদেশিক বোর্ড ও সংস্থায় সব ধরনের নিয়োগের কমপক্ষে 40 শতাংশ নারীদের দ্বারা পূরণের বিষয়টি নিশ্চিত করার জন্য লক্ষ নির্ধারণ করেছি।
- ✓ সামাজিক প্রতিষ্ঠানগুলোকে সাহায্য করেছি যাতে তারা বিকশিত হতে পারে এবং নারী, যুব, আদিবাসী লোকজন ও দারিদ্র্যের মধ্যে বসবাসকারী বিভিন্ন সম্প্রদায়ের চাহিদা পূরণ করতে পারে।
- ✓ একটি মৌলিক আয় অসহায় কর্মীদেরকে আরো ভালোভাবে সাহায্য করতে পারে কিনা এবং নিম্ন-আয়ের লোকজনের স্বাস্থ্য ও শিক্ষার উন্নতি ঘটাতে পারে কিনা তা মূল্যায়ন করার জন্য একটি পাইলট প্রকল্প চালু করেছি।

Ontario.ca/EmpowerWomen

Ontario

- ✓ একদম ছোট শিশুদের শিক্ষকদের ও চাইল্ড কেয়ারের কর্মীদের বেতন বাড়িয়েছি – যে পদগুলো মূলত নারীরাই পূরণ করে থাকে।
- ✓ যৌন সহিংসতা ও হয়রানি বন্ধ করার জন্য একটি কর্মপরিকল্পনা তৈরি করেছি, যার মধ্যে আমাদের পুরস্কার বিজয়ী #WhoWillYouHelp ও #ItsNeverOkay প্রচারাভিযান অন্তর্ভুক্ত ছিল।
- ✓ আমাদের Ontario Student Assistance Program (OSAP) (অন্টারিও শিক্ষার্থী সহায়তা কর্মসূচি)-কে রূপান্তরিত করেছি যাতে 2017-18 বছরে 210,000 এরও বেশি নিম্ন ও মধ্যম-আয়ের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী বিনামূল্যে টিউশন পেতে পারে – এই সংখ্যা অন্টারিওর মাধ্যমিক-পরবর্তী সব শিক্ষার্থীর এক-তৃতীয়াংশ।

এছাড়াও আমরা আরো অঙ্গীকার করেছি:

- 0-4 বছর বয়সী 100,000 এরও বেশি শিশুকে আগামী পাঁচ বছরে উচ্চ-মানের লাইসেন্সপ্রাপ্ত চাইল্ড কেয়ার পেতে সাহায্য করবো, যাতে কর্মরত পরিবারগুলো মানসম্মত, সাশ্রয়ী মূল্যের চাইল্ড কেয়ার পেতে পারে।
- নীতিমালা ও কর্মসূচি তৈরির জন্য জেন্ডার-ভিত্তিক বিশ্লেষণ ব্যবহার করবো। এই জেন্ডার নীতি নারী ও মেয়েদের উপর অনিচ্ছাকৃত নেতিবাচক প্রভাব মূল্যায়ন ও সংশোধনে সাহায্য করবে।
- ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে তিন থেকে পাঁচ বছরের মধ্যে তাদের পরিচালনা বোর্ডে কমপক্ষে 30 শতাংশ নারী রাখার লক্ষ্যমাত্রা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করবো।
- পুরুষ ও নারীদের মধ্যে বেতনের বৈষম্য কমিয়ে আনার জন্য একটি সামগ্রিক কৌশল গড়ে তুলবো এবং অন্টারিওর কর্মীবাহিনীতে নারীদের পূর্ণাঙ্গ অংশগ্রহণকে প্রতিরোধকারী প্রতিবন্ধকতাগুলো দূর করার মাধ্যমে অর্থনীতিকে শক্তিশালী করবো।
- আইন প্রণয়ন সাপেক্ষে মজুরি বাড়িয়ে প্রতি ঘন্টায় কমপক্ষে $15 নির্ধারণ এবং 1লা জানুয়ারি, 2019 তারিখে সময়সূচি সম্পর্কে নতুন আইন প্রবর্তন; খণ্ডকালীন কর্মীদেরকে পূর্ণকালীন কর্মীদের সমপরিমাণ বেতন দেয়ার বিষয়টি নিশ্চিতকরণ; সব কর্মীদের জন্য ব্যক্তিগত জরুরি ছুটিকে সবক্ষেত্রে বছরে কমপক্ষে দুইদিন পেইড ছুটি হিসেবে অন্তর্ভুক্তকরণ; এবং কর্মসংস্থানের আইন কার্যকর জোরদারকরণ করা হবে।

ব্যবসা প্রতিষ্ঠান, কমিউনিটি সংগঠন ও বিভিন্ন ব্যক্তিদের গুরুত্বপূর্ণ সহায়তার পাশাপাশি এই পদক্ষেপগুলো, অন্টারিওতে নারী ও মেয়েদের ক্ষমতায়নে সাহায্য করছে।